



কালাজ্বর রোগ সম্বন্ধে এই বিষয়গুলি জেনে রাখুন :

- ◆ কালাজ্বর রোগের বাহক বেলেমাছি ।
- ◆ এই বেলেমাছি জমা গোবর, সারগাদা, যে কোনও নরম কাদামাটি, উইয়ের ঢিপি, মাটির বাড়ির দেওয়ালের ফাটলে, বাড়ির আশপাশের অন্ধকার, ছায়াচ্ছন্ন, সঁয়াতসঁতে জায়গায় বংশবৃদ্ধি করে ।



- ◆ দুই সপ্তাহের বেশি জ্বর থাকলে এবং সাধারণ ওষুধ খেয়েও সেই জ্বর না-ছাড়লে, সরকারী হাসপাতালে গিয়ে কালাজ্বরের রোগনির্ণায়ক রক্তপরীক্ষা করান ।
- ◆ একটানা জ্বর, রক্তাল্পতা, ওজন হ্রাস, দুর্বলতা, যকৃৎ ও প্লীহা বড় হয়ে পেট ফুলে যাওয়া কালাজ্বর রোগের লক্ষণ ।




- ◆ কালাজ্বর হলে রোগীর দেহে অন্যান্য রোগের সঙ্গে লড়ার ক্ষমতা হারিয়ে যায় ।



- ◆ কালাজ্বর রোগনির্ণয় ও চিকিৎসার সুবিধা সব সরকারী ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং জেলা হাসপাতালে বিনামূল্যে পাওয়া যায় । এই সুবিধাগুলোর সুফল লাভ করুন ।
- ◆ কালাজ্বরের চিকিৎসা এখন একদিনেই সম্পূর্ণ হয় ।



কীটনাশক স্প্রে করুন কালাজ্বর থেকে বাঁচুন



কালাজ্বর দূরীকরণ প্রকল্প, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক জনস্বার্থে প্রচারিত ।

পশ্চিমবঙ্গ এনভিবিডিসিপি

স্বাস্থ্য ভবন, ২৯, ব্লক জিএন, সল্ট লেক, সেক্টর-৫,
কলকাতা-৯১, পশ্চিমবঙ্গ

ফোন: +৯১-৩৩-২৩৫৭৬৭৮৮, +৯১-৩৩-২৩৩৩০২৬৯

ই-মেল: dd_mal@wbhealth.gov.in



কবে, কখন আর কোথায় কীটনাশক স্প্রে করাবেন?




কোথায় ও কীভাবে স্প্রে করাবেন?

- ◆ ঘর ও গোয়ালের ভেতরের দেওয়ালে কীটনাশক স্প্রে করুন। রান্নাঘর ও শৌচাগারের ভিতরেও স্প্রে করতে হবে।
- ◆ ঘর ও গোয়ালের বাইরের দেওয়াল বা ছাদে কীটনাশক স্প্রে করবেন না।
- ◆ মেঝে থেকে দেওয়ালের ৬ ফুট উচ্চতা পর্যন্ত স্প্রে করুন।



কখন স্প্রে করাবেন?



- ◆ বছরে দুইবার কীটনাশক স্প্রে করুন।
 - ফেব্রুয়ারি - মার্চ
 - জুন - জুলাই
- ◆ কীটনাশক স্প্রের কার্যক্ষমতা সাধারণতঃ ১০ সপ্তাহ থাকে।

কালাজ্বর-মুক্ত জীবন পাওয়ার জন্য বাড়ির প্রত্যেকটি ঘর ও গোয়ালের ভিতরে কীটনাশক স্প্রে করুন।

স্প্রে করার সময় নিম্নলিখিত বিষয়গুলি খেয়াল রাখুন :

- ◆ স্প্রে করার আগে আসবাবপত্র একদিকে সরিয়ে বাড়ির সব ঘর খালি করে দিন।



- ◆ স্প্রে চলছে এমন সময় ঘরে বসে কিছু খাবেন না, জলপান বা ধূমপান করবেন না।
- ◆ গৃহমধ্যে কীটনাশক স্প্রে করার পর ১০ সপ্তাহ মাটি দিয়ে দেওয়াল লেপবেন না। এর ফলে স্প্রে-তে ব্যবহৃত কীটনাশকের কার্যক্ষমতা নষ্ট হয়ে যায়।

- ◆ সরাসরি কীটনাশকের সংস্পর্শ এড়িয়ে চলুন।



- ◆ চোখ বা ত্বকে ভুল করে কীটনাশক লেগে গেলে, সঙ্গে সঙ্গে পরিষ্কার জল দিয়ে ভালো করে ধুয়ে নিন। ত্বকে লেগে থাকা কীটনাশক ধোয়ার জন্য জলের সঙ্গে সাবানও ব্যবহার করতে পারেন। তারপরও জ্বালাভাব থাকলে, অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিন।

